

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৭.২০১৯/১৮৯

তারিখ: ২৪.১১.২০২০খ্রি:

বিষয় : মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট পিটিশন নং-২১৯/২০২০ এবং রীট পিটিশন নং-১১১৪৯/২০১৯ এর আদেশ বাস্তবায়ন।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৪.০৪.০১৩.২০২০-৩২৫,

তারিখ: ১০.১১.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলার চর আমান উল্যাহ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব নারায়ন চন্দ্র মজুমদার এর বিরুদ্ধে সনদ জালিয়াতির অভিযোগের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের গত ১৬.০৬.২০১৯ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৩.০০৬.২০১১.১৫৫ নং স্মারকে তার বেতন-ভাতা স্থগিত করা হয়। পরবর্তীতে জনাব নারায়ন চন্দ্র মজুমদার মন্ত্রণালয়ের পত্রের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১১১৪৯/২০১৯ এবং কনটেম্পট পিটিশন নং-২১৯/২০২০ দায়ের করেন।

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-১১১৪৯/২০১৯ এবং কনটেম্পট পিটিশন নং-২১৯/২০২০ এর আদেশের প্রেক্ষিতে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-১১১৪৯/২০১৯ এর আদেশে যে সময় পর্যন্ত মন্ত্রণালয়ের পত্রে কার্যক্রম স্থগিত করা হয়েছে ঐ সময় পর্যন্ত প্রধান শিক্ষক জনাব নারায়ন চন্দ্র মজুমদার এর স্থগিত বেতন ভাতা চালু রাখা; এবং

খ) মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১১১৪৯/২০১৯ চলমান মামলায় সরকার পক্ষ হতে যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



28/11/2020

(মোঃ কামরুল হাসান)

উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই-মেইল : ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে :

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩. জনাব নারায়ন চন্দ্র মজুমদার, প্রধান শিক্ষক, চর আমান উল্যাহ উচ্চ বিদ্যালয়, সুবর্ণচর, নোয়াখালী।

০৪. অফিস কপি।